

## আদালত প্রাপ্ত থেকে ভাঙ্কর্য অপসারণ এবং প্রতিবাদকারীদের গ্রেপ্তার :

### এইচআরএফবি'র তীব্র নিন্দা ও ক্ষোভ

ধর্মীয় মৌলবাদী গোষ্ঠীর দাবীর মুখে আদালত প্রাপ্ত থেকে ভাঙ্কর্য অপসারণ, এর প্রতিবাদে বিক্ষোভরতদের উপর টিয়ার শেল ও জলকামান ব্যবহার এবং প্রতিবাদকারীদের মধ্য থেকে চারজনকে হত্যার চেষ্টাসহ বিভিন্ন অভিযোগে গ্রেপ্তার দেখানোর ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র ক্ষোভ ও নিন্দা জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, গত ২৬ মে ২০১৭ মধ্যরাতে আদালত প্রাপ্ত থেকে ন্যায়বিচারের প্রতীক হিসেবে স্থাপিত ভাঙ্কর্যটি অপসারণ করা হয়। উল্লেখ্য যে, হেফাজত ইসলামসহ কয়েকটি ধর্মভিত্তিক দল ও সংগঠন ভাঙ্কর্যটি অপসারণের জন্য দাবী জানিয়ে আসছিল। এভাবে ধর্মীয় মৌলবাদী গোষ্ঠীসমূহের দাবীর মুখে আত্মসমর্পণ করে ভাঙ্কর্যটি অপসারণ করায় ঢাকাসহ সারাদেশে প্রতিবাদ সমাবেশ হয়েছে। ২৬ মে বিশ্ববিদ্যালয় এলাকায় ছাত্র ইউনিয়ন, অনলাইন ও অন্যান্য অ্যাক্টিভিস্ট, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, উদীচী শিল্প গোষ্ঠীসহ বিভিন্ন ছাত্র ও সাংস্কৃতিক সংগঠন বিক্ষোভ মিছিল বের করে। এ সময় দোয়েল চত্বর এলাকায় পুলিশ তাদের ব্যারিকেড দিয়ে আটকে দেয় এবং মিছিল ছত্রভঙ্গ করতে টিয়ার শেল ও জলকামান ব্যবহার করে। এসময় অনেক প্রতিবাদকারী আহত হয়। একই সময় চারজন প্রতিবাদকারীকে পুলিশ গ্রেপ্তার করে যাদের মধ্যে রয়েছেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক লিটন নন্দী, উদীচী শিল্পগোষ্ঠীর কেন্দ্রীয় কমিটির সদস্য আরিফ নূর, ঢাকা কলেজের ছাত্র সংসদের সভাপতি মোর্শেদ হালিম এবং ছাত্র ইউনিয়ন কর্মী আল-আমিন রহমান। গ্রেপ্তারকৃতদের সারারাত শাহবাগ থানায় আটক রাখা হয় এবং ২৭ মে ম্যাজিস্ট্রেট কোর্টে নেয়া হলেও তাদের আদালতের সম্মুখে উপস্থাপন করা হয়নি। পুলিশ গ্রেপ্তারকৃত চারজনসহ আরো ১৫০ জন অজ্ঞাতনামার বিরুদ্ধে বিশৃঙ্খলা সৃষ্টি, সরকারী কাজে বাধা দেয়া এবং পুলিশকে হত্যার উদ্দেশ্যে আক্রমণসহ নয়টি অভিযোগে শাহবাগ থানায় মামলা দায়ের করেছে। ২৮ মে ২০১৭ মামলার শুনানির পর আদালত তাদের জামিন মঞ্জুর করে। অন্যদিকে ২৮ মে মধ্যরাতে ভাঙ্কর্যটি আদালতের বর্ধিত ভবনের সামনে স্থাপন করা হয়েছে।

প্রতিটি নাগরিকের কোনরূপ হয়রানি বা বাধা ব্যতিরেকে মতপ্রকাশ ও সভা-সমাবেশ করার অধিকার রয়েছে। বাংলাদেশের সংবিধান ও আন্তর্জাতিক মানবাধিকার আইনের আওতায় এটি একটি স্বীকৃত অধিকার। এক্ষেত্রে বল প্রয়োগ করে বাধা প্রদান কিংবা হয়রানি করা নয় বরং শান্তিপূর্ণভাবে প্রতিবাদ, সমাবেশ করার জন্য নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা পুলিশের দায়িত্ব। ফোরাম গ্রেপ্তারকৃতদের যাতে আর কোন হয়রানি করা না হয় তা নিশ্চিত করার দাবী জানায়। পাশাপাশি এ ফোরাম রাষ্ট্রকে অসাম্প্রদায়িক চেতনা ও মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল থাকার গুরুত্বের দিকটি দৃঢ়তার সাথে স্মরণ করিয়ে দিতে চায়।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)